১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১, জহির রায়হান রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd

স্মারক নং-৩৭.২০.০০০০.০০৫.৪৪.১৪২.২২/৫২২৭

তারিখ: ১১ ফাল্গুন, ১৪২৮
২৪ ফেব্রুয়ারি, ২০২২

# বিজ্ঞপ্তি

বিষয়: **সেবাবক্সের মাধ্যমে শিক্ষাতথ্য সেবা প্রদান।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর "সেবাবক্সের মাধ্যমে শিক্ষাতথ্য সেবা প্রদান" সিস্টেম প্রস্তুত করা হয়েছে এবং সকলের জন্য উন্মুক্ত করা হয়েছে। সেবাটি ব্যানবেইস এর ওয়েবসাইটে পাওয়া যাবে এবং কার্যক্রমটি চলমান থাকবে। সেবাটি নিম্মোক্ত লিংকে পাওয়া যাবে:

http://202.72.235.210/sebabox

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৪/২/২২

(মো: কায়ছার রহমান)
পরিচালক
ব্যানবেইস।
ফোন: ৫৫১৫২১০২
ই-মেইল: director@banbeis.gov.bd

১। সেবা সহজীকরণ শিরোনামঃ "সেবা বক্সের মাধ্যমে শিক্ষা তথ্য সরবরাহ"

২। পটভূমিঃ-

বিদ্যমান সমস্যা/ চ্যালেঞ্জসমূহঃ-

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) থেকে বিভিন্ন দপ্তর/সংস্থা/নাগরিকগণ শিক্ষা তথ্য সেবা গ্রহন করে থাকেন। সহজে শিক্ষাতথ্য প্রাপ্তির জন্য শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা ও পরিসংখ্যান ব্যানবেইস-এর ওয়েবসাইটে উন্মুক্ত করা থাকে। এছাড়া সময়ে সময়ে বিভিন্ন দপ্তর/সংস্থা/নাগরিকগণ গ্রেড/ প্রতিষ্ঠান/ স্থান/ Subject/ Stream ভিত্তিক শিক্ষক-শিক্ষার্থীর তথ্য, শিক্ষা প্রতিষ্ঠানের সুবিধাদি (বিদ্যুৎ, আইসিটি, বিজ্ঞানাগার, স্যানিটেশন, কমিটি, ভবন সংক্রান্ত) ইত্যাদি বিভিন্ন Customized রিপোর্ট চেয়ে থাকেন। উল্লিখিত তথ্য সংগ্রহের জন্য বিদ্যমান পদ্ধতিতে ব্যানবেইস-এ ছক সহ আবেদন করতে হয়। এরপর দাপ্তরিক প্রক্রিয়া সম্পন্ন করে আইসিটি বিভাগে প্রেরণ করা হয়। এরপর আইসিটি বিভাগ রিপোর্ট প্রস্তুত করে। পরবর্তীতে দাপ্তরিক প্রক্রিয়া সম্পন্ন করে সংশ্লিষ্ট আবেদনকারীকে তথ্য প্রদান করতে প্রায় ১০ থেকে ১২ দিন সময় লাগে।

এছাড়া যেহেতু সরাসরি এসে আবেদন করতে হয়, সে হিসেবে সেবা গ্রহনকারীর যাতায়াত বিড়াম্বনাসহ আর্থিক খরচের বিষয়টি জড়িত থাকে। আবেদনকারীর আবেদনে ত্রুটি থাকলে সেটি বাতিল হওয়ার পর সংশোধন করে পুনঃরায় আবেদন করলে একই ধরনের বিড়ম্বনায় পড়তে হয়।

অনুপ্রেরণার উৎসঃ- নাগরিক সেবায় মহাপরিচালক, ব্যানবেইস মহোদয়ের উৎসাহে এই উদ্যোগটি হাতে নেয়া হয়েছে। A2i প্রদত্ত ইনোভেশন ও সেবা সহজিকরণের প্রশিক্ষন এ কাজে পথ নির্দেশক হিসেবে কাজ করেছে।

কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছিলঃ-

- কমিটির সভায় "সেবা বক্সের মাধ্যমে শিক্ষাতথ্য সরবরাহ" বিষয়ে পর্যালোচনা করা হয় এবং সেবা সহজিকরণের ধাপ চিহ্নিত করা হয়।
- সফটওয়্যার প্রস্তুতির কাজ হাতে নেয়া হয় এবং পাইলটিং-এর উদ্যোগ গ্রহন করা হয়।

বাস্তবায়নে চ্যালেঞ্জ কীভাবে মোকাবেলা করা হয়েছিলঃ-

- মাঠ পর্যায়ে অফিসসমূহের সহযোগীতা।
- সেবা গ্রহীতার কাছে নতুন সিস্টেমটির প্রচারণা।

টেকসই করনে গৃহীত ব্যবস্থাঃ-

- মাঠ পর্যায়ে স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময় করা হয়েছে।
- সফটওয়্যারটি আইসিটি বিভাগের নিজস্ব জনবল এর মাধ্যমে প্রস্তুত করা হয়েছে এবং নিজস্ব সার্ভারে হোস্ট করা হয়েছে।
- সফলভাবে পাইলটিং-এর ব্যবস্থা গ্রহন করা হয়েছে।


নতুন প্রসেস ম্যাপঃ-

- ব্যানবেইসের ওয়েবসাইটে গিয়ে "সেবাবক্স" লিংক-এ ক্লিক করতে হবে।
- নতুন পেইজে ইউজার লাল তারকা চিহ্নিত মেন্ডাটরি ফিল্ডসমূহ অবশ্যই পূরণ করবেন।
- তথ্য চাওয়ার জন্য PDF বা EXCEL ফরম নিজ চাহিদা অনুযায়ী তৈরি পূর্বক আপলোড করবেন।
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়মিত ই-মেইল চেক-এর মাধ্যমে গ্রাহকের চাহিদাসমূহ পরিসংখ্যান বিভাগের চিফ বরাবর প্রেরণ করবেন।
- পরিসংখ্যান বিভাগ যাচাই-বাছাইপূর্বক চাহিদাপত্রটি ছকসহ আইসিটি বিভাগে প্রেরণ করবেন।
- প্রস্তুতকৃত তথ্য গ্রহীতার ছক অনুযায়ী প্রস্তুত করে তার ই-মেইল এ প্রেরণ করা হবে।

নূর মোহাম্মদ
পরিসংখ্যান কর্মকর্তা
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়

“সেবা বক্সের মাধ্যমে শিক্ষা তথ্য সরবরাহ”

প্রসেস ম্যাপ “প্রস্তাবিত”





নূর মোহাম্মদ
পরিসংখ্যান কর্মকর্তা
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়

মো: কায়ছার রহমান
পরিচালক
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## "সেবা বক্সের মাধ্যমে শিক্ষা তথ্য সরবরাহ"

### প্রসেস ম্যাপ- "বিদ্যমান"




নূর মোহাম্মদ
পরিসংখ্যান কর্মকর্তা
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়

মো: কায়ছার রহমান
পরিচালক
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
www.banbeis.gov.bd
১, জহির রায়হান রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।

স্মারক নম্বর: ৩৭.২০.০০০০.০০৫.৯৯.০০১.২২.৫

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৮
১৭ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **"সেবাবক্সের মাধ্যমে শিক্ষাতথ্য সেবা প্রদান" এর পাইলটিং সংক্রান্ত।**

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর উদ্ভাবন, সেবা সহজিকরণ ও ডিজিটাইজেশন কার্যক্রম বাস্তবায়ণের লক্ষ্যে ব্যানবেইস ওয়েবসাইটে সেবাবক্স লিংকের মাধ্যমে শিক্ষাতথ্য প্রদানের নিমিত্ত সিস্টেম ডেভেলপ করা হয়েছে।আগামী ২০/০২/২২ তারিখে UITRCE দ ামুড়হুদা, চুয়াডাঙ্গা এর মাধ্যমে সিস্টেমটির পাইলটিং প্রোগ্রাম বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৭-২-২০২২
হাবিবুর রহমান
মহাপরিচালক
ফোন: ৫৫১৫১৯৮৭
ইমেইল: dg@banbeis.gov.bd

সহকারী প্রোগ্রামার
ইউ.আই.টি.আর.সি.ই,দামুড়হুদা, চুয়াডাঙ্গা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই)
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
দামুড়হুদা, চুয়াডাঙ্গা ।

স্মারক নম্বরঃ ৩৭.২০.১৮৩১.০০০.৯৯.০১৩.১৭.১৬

তারিখঃ ০৭ ফাল্গুন, ১৪২৮
২০ ফেব্রুয়ারি, ২০২২

বিষয়ঃ **"সেবা বক্সের মাধ্যমে শিক্ষাতথ্য সেবা প্রদান" কার্যক্রমের পাইলটিং।**

সূত্রঃ ৩৭.২০.০০০০.০০৫.৯৯.০০১.২২.৫, তারিখঃ ১৭/০২/২০২২ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্যানবেইস এর উদ্ভাবন, সেবা সহজিকরণ ও ডিজিটাইজেশন কার্যক্রমের আওতায় "সেবা বক্সের মাধ্যমে শিক্ষাতথ্য সেবা প্রদান" সিস্টেমের পাইলটিং কার্যক্রম ইউআইটিআরসিই, দামুড়হুদা, চুয়াডাঙ্গা কার্যালয়ে ২০/০২/২০২২ তারিখে সম্পন্ন হয়েছে। সিস্টেমটি সকলের জন্য উন্মুক্ত করলে সহজে শিক্ষাতথ্য প্রাপ্তির বিষয়টি নিশ্চিত হবে বিধায়, পাইলটিং প্রোগ্রাম শেষে সিস্টেমটি সকলের ব্যবহারের জন্য উন্মুক্ত করার জন্য সুপারিশ করা হলো। ইহা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ পাইলটিং কার্যক্রমে অংশগ্রহণকারী শিক্ষকবৃন্দের স্বাক্ষরসহ তালিকা।

২০/০২/২০২২

( মোঃ আব্দুল কাদির )
সহকারী প্রোগ্রামার
ইউআইটিআরসিই, ব্যানবেইস
দামুড়হুদা, চুয়াডাঙ্গা ।
ফোনঃ ০২৪৭৭৭-৯০৭৭৯

মহাপরিচালক
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা - ১২০৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই)
উপজেলাঃ দামুড়হুদা, জেলাঃ চুয়াডাঙ্গা।

**"সেবাবক্সের মাধ্যমে শিক্ষাতথ্য সেবা প্রদান" এর পাইলটিং কার্যক্রমে অংশগ্রহণকারীগণঃ**

| ক্রম নং | নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | মো: আবদুল গাফফার সুপারিনটেনডেন্ট | [signature] |
| ২. | মো: আব্দুর রাজ্জাক, সহকারী শিক্ষক, | [signature] |
| ৩. | মো: এক্রামুল হক সহকারী শিক্ষক | [signature] |
| ৪. | মো:, আবদুল লতিফ - সহকারী শিক্ষক | [signature] |
| ৫. | মো: আমিরুল ইসলাম, সহকারী শিক্ষক | [signature] |

[signature] 20/02/2022

তারিখ: ২০/০২/২০২২

( মোঃ আব্দুল কাদির )
সহকারী প্রোগ্রামার
ইউআইটিআরসিই
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
ফোনঃ ০২৪৭৭৭-৯০৭৭৯